# নিজেদের দ্বারা সিদ্ধান্ত গ্রহণ

## - সম্প্রদায়ের মানুষের দ্বারা স্বাধীন ব্যবস্থাপনা -




জাপান অ্যাসোসিয়েশন অফ ড্রেনেজ অ্যান্ড এনভায়রনমেন্ট

# নিজেদের দ্বারা সিদ্ধান্ত নিন" সম্পর্কে শেখা

## - সম্প্রদায়ের মানুষের দ্বারা স্বাধীন ব্যবস্থাপনা -



সম্পাদিত: 31শে মার্চ, 2024

সম্পাদনা: জাপান অ্যাসোসিয়েশন অফ ড্রেনেজ অ্যান্ড এনভায়রনমেন্ট (JADE)

বইয়ের নকশা: সাতোশি তাকামুরা

মুদ্রণ: অংকুর প্রচারণী প্রিন্টিং প্রেস, খুলনা, বাংলাদেশ

ফান্ডেড বাই: ইনোভেশন ফাউন্ডেশন ফর ওয়াটার এন্ড রিজিওনাল রিভাইটালাইজেশন

# সূচীপত্র


মুখবন্ধ ১

ভূমিকা ৩

১. আপনার সম্প্রদায়ের "শেয়ারড ফ্যাসিলিটিস" এখন কী অবস্থা? ৫

২. "নিজেদের দ্বারা সিদ্ধান্ত নেওয়া" কি? ৭

৩. "নিজেদের দ্বারা সিদ্ধান্ত নেওয়া" – এর প্রক্রিয়া ৯

৪. CBO-দের এর ভূমিকা ১২

৫. পরবর্তী ধাপ ১৪

সম্প্রদায়ের ভবিষ্যতের জন্য বার্তা ১৫







# মুখবন্ধ

*“এই কমিউনিটি টয়লেটটি আপনার সম্প্রদায়ের জন্য তৈরি করা হয়েছে, তাই সম্প্রদায়ের স্বাধীন ব্যবস্থাপনা প্রয়োজন। পরিচালনার জন্য আপনাকে ‘সম্প্রদায়*-ভিত্তিক সংস্থা*’ গঠন করতে হবে”* ।

আপনি আগে এই কথা শুনে থাকতে পারেন। তখন আপনি হয়তো ভেবেছেন, *“কেউ একজন টয়লেট বানাতে এসেছেন এবং আমাদেরকে সেটা পরিচালনা করতে বলেছেন। এ বিষয়ে আমরা কিছু সিদ্ধান্ত নিইনি। এমনকি আমাদের মতামত জানানোর সুযোগও ছিল না।”*

আমরা বিশ্বাস করি যে, এই ভাগ করা সুবিধাগুলি（shared facilities）বা সাম্প্রদায় ভিত্তিক সুবিধাগুলি（communal facilities）ব্যবহারকারী গোষ্ঠী এবং সম্প্রদায়গুলির স্বাধীন ব্যবস্থাপনার অধীনে থাকা উচিৎ। সিদ্ধান্ত গ্রহণের পর্যায় থেকে সম্প্রদায়কে জড়িত করা উচিত। যদি একটি সুবিধা পরিত্যক্ত হয়, তাহলে এর কারণ অবশ্যই দুর্বল ব্যবস্থাপনা এবং তা সম্প্রদায়ের সিদ্ধান্ত গ্রহণের দুর্বলতার কারণে । এটা সত্যি?
সম্প্রদায়ের মানুষের পক্ষে সিদ্ধান্ত নেওয়া কি কঠিন?
ঠিক আছে, আপনার দৈনন্দিন জীবনের দিকে ফিরে তাকান, তাহলে দেখবেন আপনারা সবাই নিয়মিত সিদ্ধান্ত নিচ্ছেন।

উদাহরণস্বরূপ, আজ সন্ধ্যায় আপনি কি কিনবেন তা কে ঠিক করে?

*আপনি ভাবতে পারেন যে, আপনি আজ সন্ধ্যার জন্য বিশেষ কিছু কিনবেন, কারণ আপনার সন্তানের অবস্থা তেমন ভালো না। হ্যাঁ, তার আরও পুষ্টিকর খাবার দরকার। আপনি আপনার স্বামীকে জিজ্ঞাসা করতে পারেন আপনি তার জন্য কী কিনবেন। ডিম বা মাছ কিনলে কেমন হবে? খুব ভালো হতে পারে। অন্য কিছু কি আছে? আপনি আপনার শাশুড়ি, বা ননদকে জিজ্ঞাসা করতে পারেন। তারা আপনাকে কিছু পরামর্শ দিতে পারে। দুর্বল শিশুর জন্য ডিম ভালো হতে পারে। অথবা মুরগির মাংস ভালো হতে পারে কারণ এতে পুষ্টি বেশি থাকে। কিন্তু মুরগির দাম বেশি। তাহলে কি ডিম কেনা উচিত? কারণ, এটা একটু সস্তা। আপনি আপনার শাশুড়িকে আবার জিজ্ঞাসা করতে পারেন, তারপর তিনি আপনাকে মুরগি কিনতে উৎসাহিত করলেন। তখন আপনি সিদ্ধান্ত নিলেন যে, আপনি মুরগি কিনবেন।*

আপনি একটি মুরগি কেনার আগে বিভিন্ন বিকল্প বিবেচনা করতে পারেন। আপনি বিভিন্ন তথ্য উৎস থেকে অনেক বিকল্প সংগ্রহ করতে পারেন। অবচেতনভাবে, আপনি একটি একক উত্তরে পৌঁছানোর আগে এটি করছেন। উপরন্তু, এই ধরনের সিদ্ধান্ত শুধুমাত্র নিজের জন্য নয়, আপনার সন্তান, আপনার বন্ধু বা এমনকি অন্যান্য লোকেদের জন্যও। হ্যাঁ, আপনি বিভিন্ন বিকল্প সংগ্রহ করেন ও বিবেচনা করেন এবং তারপর স্বাধীনভাবে একটি সিদ্ধান্ত নেন।

কমিউনিটিতে আমরদের পরিচালিত সাক্ষাতকার থেকে আমরা দেখতে পেয়েছি যে, সম্প্রদায়ের সদস্যদের সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতার কোন অভাব নেই। এই পুস্তিকাটি সম্প্রদায়ের লোকদের কাছ থেকে প্রাপ্ত বিভিন্ন ঘটনার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে।

এই পুস্তিকাটি সম্প্রদায়ের নেতাদের তাদের ভাগ করা সুবিধাগুলি (shared facilities) স্বাধীনভাবে পরিচালনা করার লক্ষ্যে "সিবিও" সংগঠিত করার জন্য ইঙ্গিত দিতে তৈরি করা হয়েছে।

আমরা অত্যন্ত আনন্দিত হব, যদি এই পুস্তিকাটি শুধুমাত্র স্থানীয় সম্প্রদায়ের ব্যক্তিরা নয়, সম্প্রদায়ের উন্নয়নের সাথে জড়িত ব্যক্তিরাও পড়েন এবং ব্যবহার করেন।



# ভূমিকা

*"আপনার সম্প্রদায়ের উচিত ভাগ করা সুবিধাগুলি* (shared facilities) *স্বাধীনভাবে পরিচালনা করা"।*
*"ভাগ করা সুবিধার* (shared facilities) *জন্য স্বাধীন ব্যবস্থাপনা গুরুত্বপূর্ণ"।*

*আপনি হয়ত এটা আগে শুনেছেন।*
*"স্বাধীন ব্যবস্থাপনা" কী?*

অনেক এনজিও আপনাকে "স্বাধীন ব্যবস্থাপনার" জন্য সম্প্রদায়-ভিত্তিক সংস্থা (সিবিও) গঠন করতে বলেছে, কিন্তু কেন?
*কিছু সুযোগ-সুবিধা এখন ব্যবহার করা হচ্ছে না কারণ সেগুলো ভেঙে গেছে, কিন্তু এটা কি আমাদের দোষ?*

আপনি আরও বলতে পারেন, "আমরা নিজেরাই সুবিধাগুলি পরিচালনা করছি"।

*আসুন জিজ্ঞাসা করি, "কে প্রথমে বলেছে যে আপনার সম্প্রদায়ের "টয়লেট", "পানির পাম্প", আর " বিদ্যুৎ" দরকার? এবং "কে প্রথমে বলেছে যে আপনার সম্প্রদায়ের সুবিধা ব্যবস্থাপনার জন্য সংগঠন তৈরি করা উচিত?"*

*"স্বাধীন ব্যবস্থাপনা" উপরোক্ত কাজগুলি অন্তর্ভুক্ত করে। সম্প্রদায়ের জন্য কী কী সুযোগ-সুবিধা প্রয়োজন তা নির্ধারণ করা, কীভাবে সুবিধাগুলি সম্প্রদায় দ্বারা পরিচালিত হবে তা নির্ধারণ করা এবং সম্ভাব্য সমস্যাগুলি কীভাবে মোকাবেলা করা যায় তা নির্ধারণ করা।*

*এখন, কেন "স্বাধীন ব্যবস্থাপনা" গুরুত্বপূর্ণ?*
*"স্বাধীন ব্যবস্থাপনা" আপনাকে কী সাহায্য করে?*

*কারণ স্বাধীন ব্যবস্থাপনা ভাগ করা সুবিধাগুলিকে দীর্ঘস্থায়ী করতে সক্ষম করে। ভাগ করা সুবিধা হল সম্প্রদায়ের "কমন পুল রিসোর্স (CPRs)।*

এখন "CPRs" কি? CPR হল পরিবেশ, মনুষ্যসৃষ্ট অবকাঠামো ইত্যাদি সহ যেকোন সম্পদ যা মানুষ ভাগ করে নেয়। CPR গুলি "tragedy of the commons", এর সাথে সম্পর্কিত, এবং প্রত্যেকে যদি তাদের নিজস্ব স্বার্থে কাজ করে, যেমন, ফ্রি-রাইডার*, তাহলে CPR গুলি নষ্ট হয়ে যাবে।

স্বাধীন ব্যবস্থাপনা "ফ্রি-রাইডারদের" প্রতিরোধ করতে সাহায্য করে।
কারণ স্বাধীন ব্যবস্থাপনা আপনার সম্প্রদায়কে, জীবনকে আরও ভালোভাবে পরিবর্তন করতে সক্ষম করে।

স্বাধীন ব্যবস্থাপনা আপনার সম্প্রদায়কে "শক্তিশালী" করতে পারে।
এই বইয়ের মাধ্যমে, আসুন শিখি কীভাবে "স্বাধীন ব্যবস্থাপনা" অর্জন করা যায় এবং কীভাবে "স্বাধীন ব্যবস্থাপনা" আপনার "ভাগ করা সুবিধাগুলি" (shared facilities) দীর্ঘস্থায়ী করে।



"ফ্রি-রাইডার" হল এমন লোকেরা যারা ব্যবস্থাপনার জন্য অর্থ প্রদান এড়িয়ে যায়, সুবিধাগুলি পরিষ্কার করাকে উপেক্ষা করে। এই লোকেরা মনে করে যে তাকে একা সহযোগিতা করতে হবে না। ফ্রি-রাইডারদের নিরুৎসাহিত করার জন্য কিছু সম্প্রদায় শাস্তির ব্যবস্থা করে।

# ১. এখন আপনার সম্প্রদায়ের "শেয়ার্ড ফ্যাসিলিটি" কেমন?

নিচের প্রশ্নের উত্তর দেওয়া যাক।

✧ *আপনি কি এগুলো নিয়মিত ব্যবহার করেন?*

✧ *কোনো সুবিধা আছে যা পরিত্যক্ত?*

চলুন সেই সময়ে ফিরে যাই যখন এটি তৈরি করা হয়েছিল...

✧ *আপনার কি মনে আছে কখন, কার দ্বারা এই সুবিধাটি স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল?*

✧ *আপনার সম্প্রদায়ের কি সিদ্ধান্ত নেওয়ার সুযোগ ছিল?*

✧ *আপনার সম্প্রদায়ের কি সমর্থকদের সাথে আলোচনা করার সুযোগ ছিল?*

✧ *আপনার সম্প্রদায়ের কি কোনো বিকল্প বেছে নেওয়ার সুযোগ ছিল?*

আপনি কি মনে করতে পারেন?

***গুরুত্বপূর্ণ বিষয় হল,***

***সেই সময়ে আপনি কী করেছিলেন তা মনে করার চেষ্টা করুন ,***

***অন্য বিকল্প কী হতে পারে মনে করার চেষ্টা করুন,***

***আপনার সম্প্রদায় নিজের দ্বারা কতটা সিদ্ধান্ত নেওয়ার চেষ্টা করেছে তা খুঁজে বের করার চেষ্টা করুন***

***সিদ্ধান্ত গ্রহণের জন্য আপনার সম্প্রদায় যা করেছে তা "নিজেদের দ্বারা সিদ্ধান্ত গ্রহণ" বলে মনে হচ্ছে না।".***








MADINA




MADINA


# ২. “নিজেদের দ্বারা সিদ্ধান্ত গ্রহণ” কী?

আসুন এই বিভাগে আমরা “***নিজেদের দ্বারা সিদ্ধান্ত গ্রহণ***” এর উপরে আলোকপাত করি।

### ■ ***“নিজেদের দ্বারা সিদ্ধান্ত গ্রহণ”*** কী? ***(সম্প্রদায়-চালিত সিদ্ধান্ত গ্রহণ)?***

*“নিজেদের দ্বারা সিদ্ধান্ত গ্রহণ”* একটি প্রক্রিয়া যা সম্প্রদায়গুলি তাদের শেয়ার্ড ফ্যাসিলিটিজের বিষয়ে যে কোনও সিদ্ধান্ত নেয়।

যখন একটি সম্প্রদায়ের লোকেরা জড়ো হয়, কথা বলে, আলোচনা করে, কখনও কখনও বাইরে থেকে কিছু পরামর্শ দেয়, তারপর শেয়ার্ড ফ্যাসিলিটিজের বিষয়ে নিজেরা একটি সিদ্ধান্তে পৌঁছায়, তখন আপনি সেটাকে “নিজেদের দ্বারা সিদ্ধান্ত গ্রহণ” বলতে পারেন।

### ■ ***"সিদ্ধান্ত গ্রহণ" থেকে "নিজের দ্বারা সিদ্ধান্ত নেওয়া" কিভাবে আলাদা?***

আপনি ভাবতে পারেন যে “এটিই আমরা সবসময় করেছি। পার্থক্য কি?”

“*নিজেদের দ্বারা সিদ্ধান্ত গ্রহণ*” প্রক্রিয়ায় প্রকল্পের শুরু থেকেই সম্প্রদায়ের অংশগ্রহণ প্রয়োজন।

উদাহরণস্বরূপ, যদি আপনার সম্প্রদায়ের কাছে কোনো প্রকল্প আসে, যেমন টিউবওয়েল স্থাপন করা, হাত ধোয়ার সুবিধা স্থাপন, সম্প্রদায়ের নেতারা কোনো আলোচনা করেন যে, এটি সত্যিই প্রয়োজনীয় কিনা, কোথায় স্থাপন করতে হবে, কি ধরনের উপকরণ ব্যবহার করা উচিত ইত্যাদি। এই প্রক্রিয়া সম্প্রদায়কে সুবিধার দায়িত্ব এবং মালিকানা পেতে সাহায্য করতে পারে। আপনি বলতে পারেন "হাত ধোয়ার সুবিধা আমাদের স্বাস্থ্যবিধি পরিবেশের জন্য ভাল, তবে এর জন্য আরও বিদ্যুতের প্রয়োজন হতে পারে। এ নিয়ে আলোচনার জন্য আমাদের আরও সময় দরকার।” এই ধরনের বিষয়কে সম্মান করা উচিত।

আরেকটি উদাহরণ হল সম্প্রদায়ের নেতারা সম্প্রদায়ের সদস্যদের কাছ থেকে শুনে সম্প্রদায়ের সমস্যা বের করে এবং কী ধরনের সমাধান সম্ভব হতে পারে তা খুঁজে বের করে। যখন সম্প্রদায়ের নেতারা তাদের কী করা উচিত তা চিহ্নিত করে, তখন তারা সদস্যদের সাথে নিয়ে পরিকল্পনা করে নেবে বা প্রয়োজনে এনজিও সাথে পরামর্শ করবে।

### ■ ***কেন শেয়ার্ড ফ্যাসিলিটি ব্যবস্থাপনার জন্য " নিজেদের দ্বারা সিদ্ধান্ত গ্রহণ " গুরুত্বপূর্ণ?***

কারণ "শেয়ার্ড ফ্যাসিলিটি" আপনার সম্প্রদায়ের জন্য সর্বজনীন। সেগুলো অন্য সম্প্রদায়ের সম্পত্তি নয়। সম্প্রদায়ের প্রতিটি পরিবার বা ব্যবহারকারী শেয়ার্ড ফ্যাসিলিটির মালিক। এখানে, আপনার এটিকে আপনার সম্পত্তি হিসাবে ব্যবহার করার অধিকার রয়েছে, তবে একই সাথে, সেগুলি পরিচালনা করার দায়িত্ব আপনার। আপনি তাদের নিজের জন্য কিভাবে পরিচালনা করবেন তা নির্ধারণ করুন। শুধুমাত্র যখন সম্প্রদায়ের নিজের দ্বারা সিদ্ধান্ত নেওয়ার সুযোগ থাকে, তখনই স্বাধীন ব্যবস্থাপনা অর্জন করা যায়।

## কলাম 1 - মুভি "আমরা কি করি"

JADE 2024 সালে "আমরা কী করি" শিরোনামে একটি মুভি উপস্থাপন করেছে।
এই মুভিটি সম্প্রদায়ের লোকেদের "***নিজেদের দ্বারা সিদ্ধান্ত গ্রহণ***" বিষয়ে শেখানোর জন্য তৈরি করা হয়েছে।
মুভিটি পেশাদার অভিনেতা বা অভিনেত্রীদের দ্বারা তৈরি করা হয়নি, এবং প্রযোজকরা পেশাদার নন।
তবে আপনি দেখতে পাবেন আপনি সহজেই বুঝতে পারবেন এবং এই মুভির বার্তাটি দেখে স্বাচ্ছন্দ্য বোধ করবেন। কেন? কারণ অভিনেতা, অভিনেত্রী এবং মুভি তৈরির দলটি সম্প্রদায়গুলি নিয়ে কাজ করার ক্ষেত্রে বিশেষজ্ঞ।
অনুগ্রহ করে এই মুভিটি দেখুন এবং অন্যদের সাথে আপনার চিন্তা শেয়ার করুন, এই মুভিটি আপনাকে কী বলতে চাইছে তা নিয়ে আলোচনা করুন।
আপনার মতামত অবশ্যই আমাদেরকে অনেক সাহায্য করবে।


***Access from here!*** ☞






# ৩. "নিজেদের দ্বারা সিদ্ধান্ত নেওয়া" - এর প্রক্রিয়া

আসুন মিটিংয়ের প্রস্তুতির প্রক্রিয়ার উপর ফোকাস করি এবং আপনার সম্প্রদায় সাধারণত কেমন করে তা দেখা যাক।




আসুন এর প্রত্যেকটিকে একে একে ভালোভাবে দেখি। আপনি অতীতে যা করেছেন তা থেকে এটি কীভাবে আলাদা তা নোট করুন।

## সমস্যা চিহ্নিতকরণ




এটি প্রক্রিয়ার সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ।
প্রথমে কমিউনিটি নেতাদের সমস্যাটা কি তা খুঁজে বের করা উচিত ।

***সমস্যাটা কি?***

সম্প্রদায়ের নেতারা সম্প্রদায়ের সদস্যদের কাছ থেকে [কণ্ঠস্বর] শুনতে পারেন বা পর্যবেক্ষণের মাধ্যমে সমস্যা খুঁজে পেতে পারেন।
এই পর্যায়টি এমন লোকজনের সাথে ভালভাবে সম্পন্ন হবে যারা দীর্ঘদিন ধরে সম্প্রদায়ের জন্য কাজ করছে।

- আপনি গিয়ে পরিস্থিতি খতিয়ে দেখবেন।
- আপনি পরীক্ষা করে দেখবেন কত পরিবার এই পানির ট্যাঙ্ক ব্যবহার করছে এবং দিনে কত লিটার তোলা হচ্ছে।
- আপনি ব্যবহারকারীদের মতামত জিজ্ঞাসা করবেন।
- কেউ কেউ বলতে পারে যে একটি বড় ট্যাঙ্ক প্রতিস্থাপন করা একটি ভাল ধারণা
- অন্যরা বলতে পারে যে এটি প্রতিস্থাপন করা একটি ভাল ধারণা নয় কারণ বিদ্যুতের পর্যাপ্ত সরবরাহ নেই।
- অন্যরা বলতে পারে যে তারা নতুন ট্যাঙ্কের জন্য অতিরিক্ত অর্থ দিতে চায় না।

## বিকল্প সনাক্তকরণ

সম্প্রদায়গুলির চিহ্নিত করা অন্যান্য বিকল্পগুলি নিয়ে আলোচনা করতে হবে। সম্প্রদায় ধারণার জন্য সমর্থকদের সাথেও পরামর্শ করতে পারে। আপনার সম্প্রদায়ের জন্য সম্ভাব্য বিকল্পগুলি হল;

১) নতুন একটি বড় পানির ট্যাঙ্ক স্থাপন করা
২) আরেকটি পানির ট্যাংক বসানো
৩) বর্তমান পানির ট্যাঙ্ক রাখা এবং পানি সরবরাহের সময় বৃদ্ধি করা

## তথ্য সংগ্রহ

কমিউনিটি লক্ষ্যিত সুবিধার বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য বিশেষজ্ঞ, এনজিও, ও সিটি কর্পোরেশন, সম্প্রদায়ের কাছাকাছি বসবাসকারী মেকানিক্সদের কাছ থেকে দরকারী তথ্য সংগ্রহ করে।

১) কী ধরনের উপকরণ? দাম কত? কোথা থেকে পাব?
২) সবচেয়ে সস্তা বিকল্প কোনটি?
৩) কার থেকে পরামর্শ এবং সমর্থন পাওয়া যেতে পারে - এনজিও? কাউন্সিলর? বিশেষজ্ঞ? নাকি প্রতিবেশী সম্প্রদায়গুলি যারা আগে পানির ট্যাঙ্কগুলি প্রতিস্থাপন করেছে?
৪) সুবিধার আয়ু কতদিন থাকবে?
৫) সম্প্রদায় যদি নতুন করে বসাতে চায়, কার কাছে নির্মাণ বিষয়ে জিজ্ঞাসা করবে?
৬) সম্প্রদায় যদি খরচ বহন করতে না পারে, কার কাছে সাহায্য চাইবে?
৭) নির্মাণের পরে আপনার কী করা উচিত? এটা ভেঙ্গে গেলে আপনার কি করা উচিত?
৮) যদি সেই সুবিধাটি স্থাপন করা হয়, তাহলে সম্প্রদায়ের কী ধরনের নিয়মিত চেকআপের প্রয়োজন হবে?
৯) কিছু লোক সেই পছন্দের বিরোধিতা করবে। CBO-রা কীভাবে এটি মোকাবেলা করবে?

## সেরা বিকল্প বেছে নেয়া

সম্প্রদায় একটি বিকল্প বেছে নেবে এবং আপনার সম্প্রদায় কেন সেই বিকল্পটিকে সঠিক হিসেবে বেছে নিবে? এই হল উদাহরণ। সম্প্রদায় নতুন, বড় ট্যাঙ্ক স্থাপন করা পছন্দ করে কারণ;

১) নতুন বসবাসকারীদের কারণে প্রতিদিন জলের প্রয়োজন বাড়ছে।
২) বর্তমান পানির ট্যাংক দীর্ঘদিন পর খারাপ হয়ে গেছে।
৩) বিশেষজ্ঞ এবং মেকানিক্সের মতে জলের ট্যাঙ্কের উপাদান উন্নত এবং শক্তিশালী হয়েছে।

## Attention!

- **CBO-দের মিটিং করার আগে "তথ্য সংগ্রহ" শেষ করতে হবে**
- **সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার সময় আপনার সম্প্রদায়কে কেন্দ্রীভূত হতে হবে।**
- **যারা সম্প্রদায়গুলিকে সমর্থন করে তারা আপনাকে "নিজেদের দ্বারা সিদ্ধান্ত গ্রহণ" উৎসাহিত করছে । উদাহরণস্বরূপ, এনজিও, জাতিসংঘ সংস্থা, বা সিটি কোঅপারেশন, ইত্যাদি। তারা সিদ্ধান্ত গ্রহণকারী নয়। তারা শুধু সমর্থক।**

### কলাম 2 - "সমাধান করা বা না করা”

একটি সম্প্রদায় যদি স্থাপন করার পরে একটি শেয়ারড ফ্যাসিলিটি ব্যবহার করা বন্ধ করে, তাহলে এর অর্থ কী?

উদাহরণস্বরূপ, যদি আপনার সম্প্রদায় একটি হাত ধোয়ার পয়েন্ট চালু করে যা এক বছর আগে একটি এনজিও দ্বারা স্থাপন করা হয়েছিল, কিন্তু শীঘ্রই ভেঙে যায় এবং কেউ আর ব্যবহার করে না।

এটা কেন হল? কারণ খুঁজে বের করার জন্য যখন এই সুবিধাটি স্থাপন করা হয়েছিল সেসময়টা আমরা ফিরে যাওয়ার চেষ্টা করতে পারি। যখন এই সুবিধাটি স্থাপন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল তখন কি সম্প্রদায় অংশগ্রহণ করেছিল? সম্প্রদায় কি সেই সুবিধা থেকে কী লাভ হবে বুঝতে পেরেছিল? সম্প্রদায় কি সেটির অবস্থানের সাথে একমত ছিলো? সম্প্রদায় কি জানত যে, কে ব্যবহার করবে?
সম্প্রদায় কখনো আলোচনা করেছে যে, যদি সুবিধাটি ভেঙে যায় তাহলে তারা কি করবে?
এই পর্যালোচনাগুলি পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের জন্য সম্প্রদায়কে সাহায্য করতে পারে।
প্রশ্ন হল, হাত ধোয়ার পয়েন্ট কেন বসানো হয়েছিল বুঝতে পেরেছেন?

এখন ঠিক করা বা ঠিক না করার তুলনা করা যাক।
আপনার সম্প্রদায় যদি "ঠিক না করা" বেছে নেয়, উদাহরণস্বরূপ, সংক্রামক রোগের প্রবণতা কি বাড়বে?
আপনার সম্প্রদায় যদি "ঠিক করা" বেছে নেয়, তাহলে সুবিধা কী এবং কত টাকা লাগবে?

# ৪. CBO-দের এর ভূমিকা

যখন CBO সভা পরিচালনা করে, তখন CBO-দের কিছু বিষয় সম্পর্কে সচেতন হওয়া উচিত।

মিটিং এর আগে এবং চলাকালীন CBO-দের কী করা উচিত যাতে প্রত্যেক অংশগ্রহণকারী বিনা দ্বিধায় কথা বলতে সক্ষম হয়।

- **[আগে] প্রস্তুতি - CBO'র উচিত;**
  - সিদ্ধান্ত নিন কোন সমস্যা নিয়ে আলোচনা করবেন, একটি নতুন সুবিধা স্থাপন করা? পুরাতন মেরামত? চারপাশ পরিষ্কার করা?
  - সম্ভাব্য বিকল্প প্রস্তুত করা
  - সম্প্রদায়ের সদস্যদের কাছ থেকে বিপরীত ধারণা বা আপত্তির প্রতিক্রিয়া কীভাবে দিতে হবে তা প্রস্তুত করুন
  - স্থান, সময়, অংশগ্রহণকারী নির্দিষ্ট করা

- **[মধ্যে] ফ্যাসিলিটেশন - CBO'র উচিত;**
  - সচেতন থাকুন যে সকল অংশগ্রহণকারীরা নির্দ্বিধায় কথা বলতে পারে।
  - সকল অংশগ্রহণকারীদের একে অপরকে সম্মান করতে এবং একে অপরের কথা শুনতে উৎসাহিত করুন।
  - সমস্ত অংশগ্রহণকারীদের ধারণাকে সম্মান করার চেষ্টা করুন এবং আরও ভাল ধারণার জন্য আরও ধারণা এবং মতামতকে উটসাহিত করুন।
  - সমস্ত ধারণা এবং বিকল্প বিবেচনা করুন এবং সম্প্রদায়ের জন্য চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার সর্বোত্তম সময় কখন তা সাবধানে নির্ধারণ করুন।









## চলুন "আমরা কী করি" মুভিটি থেকে শিখি।
## মুভিটির বার্তা কী?

- **আসুন বিষয়বস্তুর উপর আলোকপাত করি**
  - মুভির শুরুতে ন্যারেটর ভাই আপনাকে কী বলেন?
  - ভূমিকা দৃশ্যে, কে "ঝুঁকিপূর্ণ পরিবেশ" বলেছেন?
  - কেন এটি "ঝুঁকিপূর্ণ"?
  - পরিচয়ের পর কয়টি সম্প্রদায় সভা করেছে?
  - সেলিম ভাই A সম্প্রদায়ের কোথায় আসন গ্রহণ করেন?
  - সেলিম ভাই সম্প্রদায় -B তে কোথায় বসেন?
  - সেলিম ভাই C সম্প্রদায়টিতে কোথায় বসেন?
  - A সম্প্রদায়ে, কে বেশি কথা বলে?
  - B সম্প্রদায়ে, কে বেশি কথা বলে?
  - C সম্প্রদায়ে, কে বেশি কথা বলে?
  - এক মাস পর, সম্প্রদায় A-এর কী হবে?
  - কোন সম্প্রদায়ে বেশি লোককে কথা বলতে দেখা যায়?
  - কোন সম্প্রদায় আপনার সম্প্রদায়ের সভার কাছাকাছি?
  - কোন সম্প্রদায়টি "নিজেদের দ্বারা সিদ্ধান্ত গ্রহণ" এর কাছাকাছি? এবং কেন?

- **চলুন মুভির "বিষয়বস্তু " তে আলোকপাত করি, তারপর আরও চিন্তা করি**
  - C সম্প্রদায়ে, যখন কেউ কথা বলতে শুরু করে, তখন অন্যরা কী করে? কেউ কথা বলার সময় কেউ বাধা দিয়েছে?
  - আপনি কথা বলার সময় যদি কেউ আপনাকে বাধা দেয়, আপনার কেমন লাগে?
  - যদি আপনার কথা কেউ না শোনে, আপনার কেমন লাগে?
  - কখন বা কী ধরনের পরিস্থিতিতে সবাই নির্দ্বিধায় কথা বলতে পারে?
  - আসুন আলোচনা করি কীভাবে এমন একটি পরিবেশ তৈরি করা যায় যা লোকেদের মিটিংয়ের সময় বিনা দ্বিধায় কথা বলতে দেয়
  - আসুন আলোচনা করি কীভাবে এমন একটি পরিবেশ তৈরি করা যায় যা লোকেদের মিটিং চলাকালীন বক্তাদের কথা শুনতে দেয়

- **এখন আপনার সম্প্রদায়ের উপর আলোকপাত করা যাক**
  - যে ব্যক্তির সক্রিয় কন্ঠস্বর এবং গঠনমূলক মতামত রয়েছে তাকে নেতা দল বা CBO-তে অন্তর্ভুক্ত করা যেতে পারে

- **এনজিও / বহিরাগত সমর্থকদের সম্পর্কে কি? তাদের আপনার জন্য কি করা উচিত?**

# ৫. পরবর্তী ধাপ

## ■ CBO সংস্কার

১) বিদ্যমান CBO গুলি পর্যালোচনা করা একটি ভাল ধারণা ।
২) আপনার সম্প্রদায়ের কয়টি সংস্থা আছে? এটা কি সব প্রতিষ্ঠানের রাখা দরকার?
৩) সংস্থাগুলির একীকরণ বিবেচনা করার চেষ্টা করুন যাতে আপনার সম্প্রদায় পরিচালনার জন্য আরও স্থিতিস্থাপক এবং কঠোর হতে পারে এবং "নিজের দ্বারা সিদ্ধান্ত গ্রহণ" প্রক্রিয়াটির জন্য প্রস্তুত হতে পারে (পৃষ্ঠা.৯)
৪) কমিটির সদস্যদের পর্যালোচনা করুন এবং নতুন সদস্যদের অন্তর্ভুক্ত করার কথা বিবেচনা করুন, যারা সম্প্রদায়ের জন্য অবদান রাখতে পারবে
৫) প্রতিটি সদস্যের পদ এবং দায়িত্ব প্রদান করুন
৬) ভাগ করা সুবিধার ব্যবস্থাপনার জন্য নতুন নিয়ম প্রণয়ন করুন; উদাহরণস্বরূপ, ফ্রি-রাইডারদের নিরুৎসাহিত করার নিয়ম যেমন জরিমানা আরোপ করা

## ■ পরবর্তী ধাপ - "নিজেদের দ্বারা সিদ্ধান্ত নিন" অনুশীলনের মাধ্যমে

১) CBO গুলি সম্প্রদায়ের সদস্যদের দ্বারা "প্রস্তুতি" বা অর্থ সঞ্চয় সম্পর্কে চিন্তা করার চেষ্টা করতে পারে।
২) CBO অর্থ সংগ্রহের নিয়ম তৈরি করার চেষ্টা করতে পারে; কত টাকা? কোন সুবিধার জন্য? কত ঘনঘন? মাসিক, ত্রৈমাসিক, বা বার্ষিক?

## ■ সম্ভাব্য ক্ষতির প্রস্তুতির জন্য পরামর্শ

১)সুবিধাগুলি ভেঙ্গে যাওয়ার, ত্রুটি হওয়ার এবং দুর্যোগে ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকি রয়েছে।
২)সুবিধাগুলি দীর্ঘস্থায়ী করার জন্য একটি সঠিক ব্যবস্থাপনা এবং ব্যবহার প্রয়োজন।
৩)যাইহোক, ক্ষয়ক্ষতি ন্যূনতম করার জন্য দুর্ঘটনার জন্য প্রস্তুতিও প্রয়োজন।
৪)সম্প্রদায়ের লোকদের জানা উচিত যে, এই ধরনের দুর্ঘটনার ফলে কী ধরনের সমস্যা হবে।
৫)"সঞ্চয়" হল প্রস্তুতির একটি উপায়।
৬)সঠিক ধরণের সঞ্চয় করতে এনজিও বা বিশেষজ্ঞদের সাথে পরামর্শ করা ভাল।
৭)সম্প্রদায়ের লোকেদের ক্ষতি এবং বোঝার পরিমাণ তুলনা করা উচিত।

সক্ষমতা উন্নয়ন

1. যদি CBO-এর এই ধরনের ক্ষমতা থাকে, তাহলে আপনার সম্প্রদায় বহিরাগত স্টেকহোল্ডার যেমন কাউন্সিলর, সিটি কোঅপারেশন, বা এনজিওগুলির সাথে আলোচনা ও দরকষাকষির জন্য যথেষ্ট শক্তিশালী হতে পারে।
2. যদি CBO-এর এমন ক্ষমতা থাকে, সম্প্রদায় তাদের জীবনযাত্রার মান উন্নত করতে পারে (QOL)

# সম্প্রদায়ের ভবিষ্যতের জন্য বার্তা

আপনি আপনার সম্প্রদায়ের মালিক।

স্বাধীন, বিচ্ছিন্ন নয়, সম্প্রদায়ের উন্নত ভবিষ্যতের জন্য একসাথে বসবাস করার, স্টেকহোল্ডারদের সাথে একটি নতুন সম্পর্ক গড়ে তোলার কল্পনা করুন।

এটা করা কঠিন নাও হতে পারে।

সম্প্রদায়ের মানুষ পরিবর্তন হলে, যেকোনো প্রকল্প পরিবর্তন করা যেতে পারে সমাজের মানুষ পরিবর্তন হলে ধীরে ধীরে পরিবেশ পরিবর্তন করতে পারবেন। যদি সম্প্রদায়ের মানুষ পরিবর্তন হয়, তবে এই "পরিবর্তন" "স্থায়িত্ব" আনবে।

পরামর্শমূলক থেকে সহায়ক
নির্ভরশীল থেকে স্বাধীন
আরো উপদেশ থেকে আরো সম্মান
"এনজিওদের নেতৃত্বে সামাজিক উন্নয়ন" থেকে
"স্বাধীন সম্প্রদায় দ্বারা সামাজিক উন্নয়ন"

এখানে আমাদের সমর্থকদের কাছে একটি বার্তা রয়েছে যেমন এনজিও, সিটি কর্পোরেশন, জাতিসংঘ সংস্থা। আমাদেরসহ সমর্থকদের আরও সচেতন হতে হবে যে, সম্প্রদায়ের লোকেরা তাদের নিজস্ব উদ্যোগে সিদ্ধান্ত নিবে।



বাংলাদেশে আমাদের বন্ধুদের অদম্য প্রচেষ্টা ছাড়া এই বইটি সম্পূর্ণ করা যেত না। এবং এখন, আমরা এই বইটিতে যা প্রস্তাব করেছি তা অবশ্যই আমাদের বন্ধুদের দ্বারা বাস্তবায়ন করা উচিত।
আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি আমাদের বন্ধুত্বের শক্তি।

এই বইটি উৎসর্গ করা হয়েছে সম্প্রদায়ের নেতাদের, যারা ভালো সম্প্রদায়ের জন্য সংগ্রাম করছেন এবং যারা সেই লোকেদের সমর্থন করে।

আমরা আশা করি যে এই বইটি স্থানীয় সম্প্রদায়ের স্বাধীনতা এবং পরবর্তী প্রজন্মের জন্য একটি নতুন যুগ সৃষ্টিতে কিছুটা সহায়ক হবে।

জাপান অ্যাসোসিয়েশন অফ ড্রেনেজ অ্যান্ড এনভায়রনমেন্ট
মার্চ 31st, 2024



**জাপান অ্যাসোসিয়েশন অফ ড্রেনেজ অ্যান্ড এনভায়রনমেন্ট (JADE)**

**ফান্ডেড বাই**

**ইনোভেশন ফাউন্ডেশন ফর ওয়াটার এন্ড রিজিওনাল রিভাইটালাইজেশন**

